

সাবেক মেয়র আনিসুল হককে শ্রদ্ধা জানালেন দুই বাংলার শিল্পীরা

বিনোদন প্রতিবেদক

প্রকাশিত: ০৪:৫৩ পিএম, ১৩ অক্টোবর ২০১৮



নাগরিক টিভির প্রতিষ্ঠাতা প্রয়াত মেয়র আনিসুল হক। তার জীবদশাতেই শুরু হয়েছিল দুই বাংলা শিল্পীদের নাচের প্রতিযোগিতার অনুষ্ঠান 'বাজলো ঝুমুরা তারার নুপুর'। এটি প্রচারে আসছে ১৫ অক্টোবর।

এ উপলক্ষে রাজধানীর ঢাকা ক্লাবে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন অনুষ্ঠানে অংশ নেয়া দুই বাংলার শিল্পীরা। অনুষ্ঠানটি যখন প্রচারে আসছে তখন পৃথিবীতে নেই আনিসুল হক। তাই ঢাকা দক্ষিণের প্রয়াত এই মেয়রকে স্মরণ করলো অনুষ্ঠানের শিল্পী ও কলাকুশলীরা।

আনিসুল হককে শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানের বিচারক চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চন বলেন, 'আমি আজ গভীর শ্রদ্ধায় স্মরণ করছি আমাদের প্রয়াত মেয়রকে। তিনি আমার খুব কাছের মানুষ ছিলেন। তার জন্যই এই আয়োজনে যুক্ত হয়েছিলাম। আজ তিনি থাকলে তাকে নিয়ে টিভিতে অনুষ্ঠানটি দেখতে পারতাম, অনেক ভাল লাগতো।'

মেয়রকে স্মরণ করে অনুষ্ঠানের উপস্থাপক নাবিলা বলেন, 'মেয়র আনিসুল হককে অনেক মিস করছি। এই অনুষ্ঠানটি নিয়ে উনার অনেক আগ্রহ ছিল।'

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র আনিসুল হকের স্ত্রী রুবানা হক। আরও ছিলেন কানিজ আলমাস খান, ডায়মন্ড ওয়ার্ল্ড'র ব্যবস্থাপনা পরিচালক দিলীপ আগারওয়াল, সংগীতশিল্পী আঁখি আলমগীর, জনপ্রিয় গীতিকবি কবির বকুল, নাগরিক টিভির অনুষ্ঠান প্রধান কামরুজ্জামান বাবু প্রমুখ।

অনুষ্ঠানের প্রতিযোগীদের মধ্যে বাংলাদেশ থেকে উপস্থিত ছিলেন স্পর্শিয়া, অমৃতা, পিয়া জান্নাতুল, ভাবনা, ইশানা, সাফা কবির। কলকাতার শিল্পীদের মধ্যে উপস্থিত ছিলেন ঝিলিক, প্রীতি ও এনা। অতিথি শিল্পী হিসেবে অংশ নেয়া প্রভাও ছিলেন আজকের অনুষ্ঠানে।

অনুষ্ঠানে দেখা যাবে জনপ্রিয় সব গানের সঙ্গে নাচের প্রতিযোগিতায় লিপ্ত দুই বাংলার তারকারা। এই আসরে বিচারক হিসেবে দেখা যাবে এই বাংলার ইলিয়াস কাঞ্চন ও ওপার বাংলার অভিনেত্রী শতাব্দী রায়।

এলএ/জেএইচ/জেআইএম